

## বিএসএফের গুলিতে ১০ বাংলাদেশি আহত: আসক এর তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ

রাজশাহী সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে ১০ বাংলাদেশি কৃষক আহত হয়েছেন। এ ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

গণমাধ্যমের সূত্রে জানা গেছে গত ২ সেপ্টেম্বর বেলা ১১ টার দিকে এ ঘটনা ঘটে। আহত কৃষকেরা সবাই চর খিদিরপুরের বাসিন্দা। বিজিবি হামলার তথ্য নিশ্চিত করে বলছে, শটগান থেকে গ্রামবাসীর ওপর রাবার বুলেট ছোড়া হয়েছে। অন্যদিকে বিএসএফের ভাষ্য অনুযায়ী, সকালে তিন-চারজন বাংলাদেশি কৃষক ঘাস কাটতে কাটতে বাংলাদেশের সীমান্ত অতিক্রম করে ভারতে ঢুকে পড়েছিলেন। বিএসএফ তাঁদের চ্যালেঞ্জ করলে তাঁরা বিএসএফের উদ্দেশে দা ছুড়ে মারেন। এরপর তাঁরা গ্রামে পালিয়ে আসেন। তাঁরা পরে সংগঠিত হয়ে বিএসএফের ওপরে হামলা করতে যান। তাদের বক্তব্য আত্মরক্ষার জন্য গ্রামবাসীকে ছত্রভঙ্গ করার জন্য তারা রাবার বুলেট ছোড়ে। তবে আহত কৃষকদের দাবি, তাঁরা বাংলাদেশের সীমানার ভেতরেই জমিতে কাজ করছিলেন। এ সময় ট্রাকে করে বিএসএফের সদস্যরা এসে অতর্কিতে তাঁদের ওপর গুলি ছোড়ে।

আসক মনে করে বাংলাদেশের পক্ষ থেকে ভারতীয় কর্তৃপক্ষের কাছে ব্যাখ্যা চাওয়া আবশ্যিক। আমরা ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর নানা অপ্রত্যাশিত আচরণ প্রত্যক্ষ করি। অনেক বাংলাদেশী নাগরিক তাদের গুলিতে প্রাণ হারিয়েছেন এবং অনেকে তাদের অত্যাচারের শিকার হয়েছেন। গত আট মাসে বিএসএফের গুলিতে ২৩ জন বাংলাদেশী নাগরিকের মৃত্যুর সংবাদ গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। আমরা মনে করি এ বিষয়ে বাংলাদেশ ও ভারত দু'পক্ষের মধ্যে অতি দ্রুত কার্যকর আলোচনা হওয়া অত্যন্ত জরুরী।